বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা

ভর্তি বিজ্ঞপ্তি; শিক্ষাবর্ষ ঃ ২০২১-২০২২

এমএ এবং এমএসএস প্রোগ্রাম ঃ (১ম পর্ব ঃ ০১ বছর মেয়াদি)

এমএ ঃ (বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন, ইসলামিক স্ট্যাডিজ) এবং এমএসএস ঃ (সমাজতত্ত্ব ও রাষ্ট্রবিজ্ঞান)

প্রাথমিক তথ্য/সূচনা তথ্য ঃ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল-এর অধীন এমএ : বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন, ইসলামিক স্ট্যাডিজ এবং এমএসএস: রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব বিষয়সমূহে ১ম পর্বে ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। শিক্ষার্থীদের ক্লাস বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্র (৪/ক, গভঃ ল্যাবরেটরি স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫) এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় স্টাডি সেন্টারে সমাজবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে অনুষ্ঠিত হবে। প্রতি কোর্সে ০৮টি টিউটোরিয়াল ১ম শুক্রবার ও ৩য় শুক্রবার সরাসরি এবং প্রতি কোর্সের ০৮টি টিউটোরিয়াল ক্লাস ২য় শুক্রবার ও ৪র্থ শুক্রবার অনলাইনে পর্যায়ক্রমে অনুষ্ঠিত হবে। প্রাকৃতিক দুর্যোগ ও মহামারির সময় সকল টিউটোরিয়াল ক্লাস অন-লাইনে গ্রহণ করা হবে(প্রতি ক্লাসের সময় হবে ০১ঘন্টা)। আসনের ৫% কোটা মুক্তিযোদ্ধাদের সন্তান, পোষ্য এবং ক্ষুদ্র-নৃগোষ্ঠীর জন্য সংরক্ষিত থাকবে। উল্লেখ্য, শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণকারী যে কোনো শিক্ষার্থী আবেদন করতে পাব্যব।

বৈশিষ্ট্যঃ

◆ ডিগ্রী অর্জনের জন্য একজন শিক্ষার্থীকে প্রথম বছরে (১ম পর্ব/প্রিলিমিনারি) দুই সিমেস্টারে ১২টি কোর্স (প্রতি কোর্স-০৩ক্রেডিট) এবং দ্বিতীয় বছরে (শেষ পর্ব) দুই সিমেস্টারে ১০টি কোর্স (প্রতি কোর্স ০৪ ক্রেডিট) সম্পন্ন করতে হবে। প্রতি শিক্ষাবর্ষ ছয় মাস মেয়াদি ২টি সেমিস্টারে বিভক্ত। ১ম পর্ব প্রতি সেমিস্টারে ৬টি কোর্স ও শেষ পর্ব প্রতি সিমেস্টারে ০৫টি কোর্সে রেজিস্ট্রেশন করতে হবে। প্রতি সেমিস্টার শেষে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এমএ এবং এমএসএস ডিগ্রী অর্জন করতে হলে ০২(দুই) বছরে মোট ২২টি কোর্স (৭৬ ক্রেডিট) সম্পন্ন করতে হবে। এ রেজিস্ট্রেশনের মেয়াদ ০৫ বছর পর্যন্ত বহাল থাকবে।

আবেদনের ন্যূনতম যোগ্যতাঃ

ক) ০৩(তিন)টি পাবলিক পরীক্ষা যথাক্রমে এসএসসি/সমমান এবং বিএ/বিএসএস/বিকম/বিএসসি/সমমান পরীক্ষায় যে যে কোনো দুটিতে ন্যূনতম ৫০% নম্বরসহ দ্বিতীয় বিভাগ বা জিপিএ/সিজিপিএ ২.৫০ (৫ এর মানে) এবং জিপিএ/সিজিপিএ ২.২ (৪ এর মানে) প্রাপ্ত সকল শাখার শিক্ষার্থীগণ আবেদন করতে পারবে।

ভর্তি পরীক্ষা ও ভর্তি পদ্ধতি সংক্রান্ত তথ্যাবলি ঃ

ভর্তি তথ্য:

অনলাইনে আবেদনের সময় ঃ ১৫ এপ্রিল(শুক্রবার), ২০২২ থেকে ১৫ জুলাই(শুক্রবার), ২০২২ তারিখ পর্যন্ত।

লিখিত পরীক্ষার জন্য মনোনীত তালিকা প্রকাশঃ ০১ আগস্ট, ২০২২ তারিখ (সোমবার) [www.bou.ac.bd]

লিখিত পরীক্ষার আসন বিন্যাস ঃ ২৯ আগস্ট, ২০২২ এর পর বাউবির ওয়েব সাইট এবং ঢাকা আঞ্চলিক কেন্দ্র ও রাজশাহী আঞ্চলিক কেন্দ্র থেকে জানা যাবে।

- লিখিত পরীক্ষার তারিখ, সময় ঃ ০২ সেপ্টেম্বর(শুক্রবার), ২০২২ সকাল ১০.০০টা থেকে ১১.০০টা পর্যন্ত।
- লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ ঃ ০৭ সেপ্টেম্বর(বুধবার), ২০২২। [www.bou.ac.bd]
- সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান ঃ ২০/০৯/২০২২(রবিবার), ২২/০৯/২০২২ (বুধবার) ও ২৫/০৯/২০২২। সকাল ০৯.০০ টায় ডিন অফিস, সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর ক্যাম্পাসে স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত হবে (ঢাকা আঞ্চলিক কেন্দ্র স্টাডি সেন্টারের ভর্তিচ্ছুদের জন্য)।
  ২৮ সেপ্টেম্বর (বুধবার), ২০২২ সকাল ৯.০০টায় রাজশাহী আঞ্চলিক কেন্দ্র, নওহাটা, পবা, রাজশাহীতে অনুষ্ঠিত হবে (রাজশাহী বিশ্ববিদ্যালয় স্টাডি সেন্টারে ভর্তিচ্ছুদের জন্য)।
- বিষয়ভিত্তিক মেধা তালিকা প্রকাশ ঃ ১০ অক্টোবর (সোমবার), ২০২২ তারিখ।
- ভর্তি ঃ ১৩ অক্টোবর(বৃহস্পতিবার), ২০২২ থেকে ১৩ নভেম্বর (রবিবার), ২০২২ পর্যন্ত।

ভর্তি পরীক্ষা পদ্ধতি ঃ

বহুনির্বাচনী (MCQ) প্রশ্নের ভিত্তিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন : বাংলা- ২৫, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞানঃ বাংলাদেশ বিষয়াবলি-২৫ ও আন্তর্জাতিক বিষয়াবলি-২৫।
পাস নম্বর : ৪০। প্রতি অংশে ৪০% নম্বর পেতে হবে।
প্রতি বিষয়ের আসন সংখ্যা ৬০।

ভর্তি পদ্ধতি ঃ

মেধাক্রম অনুযায়ী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ উপরোক্ত বিষয়সমূহে (ঢাকা আঞ্চলিক কেন্দ্র) এবং সমাজবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট বিষয়ে ভর্তির জন্য নির্বাচিত হবেন। ভর্তি কমিটি কর্তৃক শিক্ষার্থী যে বিষয়ে মনোনীত হবেন সে বিষয় পরিবর্তন করা যাবে না।
কোর্স ফি ঃ প্রতি কোর্স ২১০০/- (দুই হাজার একশত) টাকা।
রেজিস্ট্রেশন ফি ঃ প্রতি সেমিস্টার ১০০০/- (এক হাজার) টাকা।

অন লাইন-এ আবেদন প্রক্রিয়া

যে কোনো ব্রাউজারের **Addressbar**-এ **https://osapsnew.bou.ac.bd** টাইপ করে ব্রাউজ করুন। **Offered Programs** সেকশন এর অধীনে **School of Social Sciences, Humanities & Language (SSHL)**-এ ক্লিক করে **Master of Arts (MA) & Master of Social Science (MSS) (Preliminary)** প্রোগ্রামের পাশে প্রদর্শিত **Apply Now** বাটনে ক্লিক করুন। **MA/MSS(Preliminary)** প্রোগ্রামে ভর্তি নির্দেশাবলী গুরুত্ব সহকারে পড়ে পুনরায় **Apply Now** বাটনে ক্লিক করুন। অনলাইন-এ আবেদন ফরমটির **General Information** ধাপ যথাযথভাবে পূরণ করে **Next** বাটনে ক্লিক করুন। **Personal Information** ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ফটো **(300 × 300 JPG Format)** এবং আপনার স্ক্যান করা স্বাক্ষর **(300 × 100 JPG Format)** আপলোড করে **Next** বাটন ক্লিক করুন। **Academic Information** ধাপে আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করুন এবং অভিজ্ঞতার তথ্য (যদি থাকে) **Professional Information** ধাপে সঠিকভাবে পূরণ করে **Finish** বাটনে ক্লিক করুন। সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে **SMS** এবং ইমেইলে **Temporary User ID** ও **Password** প্রেরণ করা হবে। **Proceed to Payment** বাটনে ক্লিক করার পর প্রদর্শিত **Online Payment Gateway** সমূহ থেকে যেকোনোটির মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফল ভাবে ফি জমা দান শেষে **"Payment has been completed successfully!"** মেসেজ প্রদর্শিত হবে এবং **SMS** ও ইমেইলের মাধ্যমে অবহিত করা হবে। **MA/MSS(Preliminary)** প্রোগ্রামে ভর্তির আবেদন ফি 500/- (পাঁচশত) টাকা। তবে এক্ষেত্রে প্রযোজ্য অনলাইন চার্জ আবেদনকারী বহন করবেন। অনলাইন ভর্তি সংক্রান্ত আপনার যেকোনো পরামর্শ/অভিযোগের জন্য **OSAPS**-এর হেল্পলাইন নম্বরে অথবা ইমেইল **(help.osaps@bou.ac.bd)** এ অবহিত করুন। **OSAPS**-এর হেল্পলাইন নম্বর: ০১৬৩৫-৮৩২৮৪৫, ০১৯০৭-৪৫১৬১২ (সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত, রবিবার থেকে শুক্রবার)।

প্রয়োজনে কোনো সমস্যা হলে ০৩(তিন) কার্য দিবসের মধ্যে আইসিটি হেড, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবিতে যোগাযোগ করতে হবে। **Temporary User ID** ও **Password** ব্যবহার করে প্রদর্শিত আবেদন পত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ও নম্বরপত্রসমূহ ১৫ এপ্রিল (শুক্রবার), ২০২২ থেকে ১৫ জুলাই(শুক্রবার), ২০২২ তারিখের মধ্যে ঢাকা আঞ্চলিক কেন্দ্রে (৪/ক, গভঃ ল্যাবরেটরি রোড, ধানমন্ডি ঢাকা-১২০৫) ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে জমা দিতে হবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র নির্বাচিতরাই লিখিত পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন এবং তাদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে। এছাড়া তাদেরকে মোবাইলে SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে। রাজশাহী বিশ্ববিদ্যালয় স্টাডি সেন্টারের আবেদনকারীগণ বাউবি'র রাজশাহী আঞ্চলিক কেন্দ্রে আবেদন পত্র জমা দিবেন।

(ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী এবং শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।

Helpline: Available Time: 9:00 am to 1:00 pm; 01635832845,
Available Time: 2:00 pm to 6:00 pm; 01907451612
(01304397058 Rajshshi rrc Office Time)

email : help.osaps@bou.ac.bd

অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম
সভাপতি, ভর্তি কমিটি ও ডিন
সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।